গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.১০.০০৫.১০-৬০৭

তারিখ: ২৪/১২/১৪২৭ বঙ্গাব্দ।
০৭/০৪/২০২১ খ্রিস্টাব্দ।

মেজর জেনারেল মিজানুর রহমান শামীম, বিপি, ওএসপি, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মহোদয় এর সভাপতিত্বে আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুরে গত ১৪/১২/২০২০খ্রিঃ, সোমবার, সকাল ১০০০ ঘটিকায় রেঞ্জ কমান্ডারগণের ৪৯তম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপ-পরিচালক (প্রশাসন) কে সভার কার্যক্রম শুরু করার অনুমতি প্রদান করেন।

২। মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে উপ-পরিচালক (প্রশাসন) সভার ক্রমধারা অনুযায়ী সভা পরিচালনা করেন এবং রেঞ্জ কমান্ডারগণ কর্তৃক প্রেরিত বিষয় সমূহের ওপর আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	উপজেলা পর্যায়ে অফিস সহকারী, অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী পদ সৃজন সংক্রান্ত।	উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, অফিস সহায়ক ও নৈশ প্রহরী পদ সৃজনের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার কার্যক্রম গ্রহণ করতে হবে।	প্রশাসন শাখা
২।	১০% রিজার্ভ পদ সৃজন সংক্রান্ত।	১০% রিজার্ভ পদ সৃজন সংক্রান্ত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার কার্যক্রম গ্রহণ করতে হবে।	প্রশাসন শাখা
৩।	র‍্যাক বরাদ্দ প্রদান সংক্রান্ত।	অস্ত্র রাখার জন্য বক্স না দিয়ে বহুতল বিশিষ্ট র‍্যাক বরাদ্দের ব্যবস্থা করতে হবে।	পরিচালক (প্রশাসন-কিউ)
৪।	চারপায়া ব্যবস্থাকরণ প্রসংগে।	ক। পরিবহন সুবিধার্থে চারপায়া সমূহ রেঞ্জভিত্তিক তৈরী করে যথাসময়ে ইউনিটের অনুকূলে প্রদানের ব্যবস্থা করতে হবে। খ। সকল রেঞ্জের চারপায়ার চাহিদা সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	উপ-মহাপরিচালক (প্রশাসন) ও রেঞ্জ কমান্ডার (সকল)
৫।	ঝুঁকি ভাতা প্রদান প্রসংগে।।	ইতিপূর্বে বাহিনীর সকল শ্রেণীর কর্মচারীদের ঝুঁকিভাতা প্রদানের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে অর্থমন্ত্রণালয়ের অর্থ বিভাগ শুধুমাত্র আনসার ব্যাটালিয়নে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের ঝুঁকি ভাতা প্রদানের অনুমোদন প্রদান করা হয়। উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ঝুঁকি ভাতা প্রদানের কার্যক্রম বর্তমান পদ্ধতিতে চলমান থাকবে।	ইউনিট কমান্ডার (সকল)
৬।	ভূমি বিরোধ মামলা নিস্পত্তি সংক্রান্ত কোডে অর্থ বরাদ্দ বৃদ্ধিকরণ।	মামলা নিস্পত্তি সংক্রান্ত কোডে অর্থ বরাদ্দ আছে। সদর দপ্তরে চাহিদা প্রেরণ করলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া হবে।	ইউনিট কমান্ডার (সকল) ও পরিচালক (অর্থ)
৭।	মাটি ভরাট সংক্রান্ত।	গুরুত্ব বিবেচনা করে সংশ্লিষ্ট ইউনিটের অনুকূলে মাটি ভরাট সংক্রান্ত অর্থ বরাদ্দ প্রদান করতে হবে।	পরিচালক (অর্থ)
৮।	ভ্রমনভাতা সংক্রান্ত।	পার্বত্য চট্টগ্রাম এবং বাস্তবিক প্রয়োজন বিবেচনায় ভ্রমণভাতা প্রয়োজনানুযায়ী বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে।	পরিচালক (অর্থ)
৯।	যানবাহন সরবরাহ সংক্রান্ত।	ক। কোভিড-১৯ এর কারণে গত অর্থ বছরে কোন ধরনের নতুন যানবাহন ক্রয় করা সম্ভব হয়নি বিধায় ইউনিটের অনুকূলে যানবাহন বরাদ্দ দেয়া হয়নি। খ। নতুন যানবাহন ক্রয় সাপেক্ষে ইউনিটের অনুকূলে বরাদ্দ দেয়া হবে। গ। চট্টগ্রাম রেঞ্জের নিজস্ব তহবিল (প্রাইভেট ফান্ড) হতে অর্থ দিয়ে ০১টি স্পীডবোট ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপ-মহাপরিচালক (প্রশাসন) ও ইউনিট কমান্ডার (সকল) ঐ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১০।	ব্যাটালিয়নের ঘাটতি জনবল পূরণকরণ।	১০০০জন ব্যাটালিয়ন আনসার রিক্রুটিং কাজ সম্পন্ন হয়েছে। মৌলিক প্রশিক্ষণ শেষে তাদেরকে শূন্যপদের বিপরীতে পদায়ন করা হবে।	উপ-পরিচালক (ব্যাটালিয়ন)
১১।	বেতন সমন্বয়করণ সংক্রান্ত।	ক। ব্যাটালিয়ন আনসার সদস্যদের সকল পদবীর বেতনগ্রেড সমন্বয় করার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। সম্প্রতি মন্ত্রণালয় হতে ব্যাটালিয়ন আনসার হতে নায়েক পর্যন্ত বেতন গ্রেড সমন্বয়ের অনুমোদন প্রদান করা হয়। খ। বর্তমানে নায়েক ও হাবিলদারগণের বেতনগ্রেড একই হওয়ার কারণে বিষয়টি সমাধানের লক্ষ্যে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। গ। ব্যাটালিয়ন আনসার হতে নায়েক পর্যন্ত বেতন গ্রেড সমন্বয় করে সকল ব্যাটালিয়নে এ বিষয়ে পত্র দিয়ে অবগত করতে হবে।	উপ-পরিচালক (ব্যাটালিয়ন) -ঐ- -ঐ-
১২।	ব্যাটালিয়ন আনসারদের চাকরিকাল ১০০% গনণা সংক্রান্ত।	ক। ব্যাটালিয়ন আনসার আইন-২০২০ দ্রুত অনুমোদন গ্রহণের জন্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করতে হবে। খ। ব্যাটালিয়ন আনসার আইন-২০২০ অনুমোদন গ্রহণের পর ব্যাটালিয়ন আনসারগণের স্থায়ীকরণপূর্বক চাকুরীকাল ৫০% এর পরিবর্তে ১০০% গণনা করার বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপ-পরিচালক (ব্যাটালিয়ন) -ঐ-
১৩।	পার্বত্য এলাকার ব্যাটালিয়ন আনসারদের সংযুক্ত আদেশ বাতিলকরণ সংক্রান্ত।	পার্বত্য এলাকার সংযুক্ত জনবল প্রত্যাহার/প্রতিস্থাপন করণের কার্যক্রম চলমান রয়েছে।	উপ-মহাপরিচালক (প্রশাসন)
১৪।	চট্টগ্রাম রেঞ্জে ৫০ শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল নির্মাণ সংক্রান্ত।	ক। চট্টগ্রাম রেঞ্জে ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রস্তুত করতে হবে। খ। চট্টগাম রেঞ্জের এমআই রুমকে ১০ বেড হতে ২০ বেডে উন্নীত করার কার্যক্রম গ্রহণ করতে হবে। গ। গুরুত্ব অনুসারে চট্টগাম রেঞ্জের এমআই রুমে আরও ০১জন চুক্তিভিত্তিক ডাক্তার নিয়োগের ব্যবস্থা করতে হবে।	উপ-মহাপরিচালক (চট্টগ্রাম রেঞ্জ), নির্বাহী প্রকৌশলী ও উপ-পরিচালক (চিকিৎসা)
১৫।	নিরাপত্তা কমিটিতে অন্তর্ভূক্ত করণ প্রসংগে।	ক। নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটিতে বাহিনীর মহাপরিচালক পদবীকে অন্তর্ভুক্ত করার বিষয়ে জননিরাপত্তা বিভাগের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপ-মহাপরিচালক (অপারেশনস্)
১৬।	অঙ্গীভূত আনসারদের বিশ্রামের সময় ০৩ মাস করণ প্রসংগে।	চলমান পদ্ধতিতে কার্যক্রম পরিচালিত হবে।	পরিচালক (অঙ্গীভূতকরণ)
১৭।	প্রশিক্ষণ সংক্রান্ত।	ক। যথাযথ পরিকল্পনা গ্রহণ পূর্বক প্রশিক্ষণ প্রদান করতে হবে। খ। নতুন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ যথাযথ হতে হবে। রিক্রুটদের প্রশিক্ষণে প্রথমেই অতিরিক্ত চাপ প্রদান না করে ধীরে ধীরে প্রশিক্ষণের চাপ বাড়াতে হবে। গ। সেনাবাহিনীর সাথে শীতকালীন অনুশীলন/জয়েন্ট এক্সারসাইজ সমূহে অংশ গ্রহণকালীন উপযুক্ত ও শারীরিকভাবে দক্ষ সদস্য বাছাই করে যথাযথ ব্রীফিং প্রদান করে প্রেরণ করতে হবে, যেন প্রত্যাশিত লক্ষ্য অর্জন করতে পারে এবং বাহিনীর ভাবমূর্তি বৃদ্ধি পায়।	উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়কারী
১৮।	বৈদেশিক কর্মসংস্থানের উপযোগি প্রশিক্ষণ কোর্স প্রবর্তন প্রসংগে।	প্রস্তাবকৃত বৈদেশিক কর্মসংস্থানের উপযোগি প্রশিক্ষণ সমূহ যাচাই করে গুরুত্বপূর্ণগুলো পাইলট প্রজেক্ট হিসেবে সিলেট রেঞ্জে শুরু হবে। পরবর্তীতে প্রয়োজনীয়তা অনুসারে সকল রেঞ্জে চালু করার ব্যবস্থা করতে হবে।	উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ) ও পরিচালক (সিলেট রেঞ্জ)
১৯।	ইন্টারনেট বাবদ বরাদ্দ প্রদান।	সংশোধিত বাজেটে ইন্টারনেট খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দ আনয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (অর্থ)
২০।	তদন্ত কার্য সংক্রান্ত।	ক। নির্দিষ্ট সময়ের মধ্যে তদন্ত কার্যের প্রতিবেদন প্রেরণ করতে হবে। খ। তদন্ত প্রতিবেদন প্রেরণ করার সময় অবশ্যই পুংঙ্খানুপুঙ্খভাবে প্রমাণাদিসহ প্রয়োজনীয় তথ্যাদি যথাযথভাবে সংযুক্ত করতে হবে। গ। তদন্ত কমিটি পুংঙ্খানুপুঙ্খভাবে সঠিকতার সাথে তদন্ত করে প্রতিবেদন উপস্থাপন করবেন।	উপ-মহাপরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)
২১।	বিবিধ	ক। রিক্রুট ব্যাটালিয়ন আনসারগণ ডোপ টেষ্টকরণ পূর্বক রিপোর্ট নিয়ে মৌলিক প্রশিক্ষণে যোগদান করতে হবে। কেউ যদি ডোপ টেষ্ট না করে উপস্থিত হয় তবে পরবর্তীতে তার ডোপ টেষ্ট সম্পন্ন করতে হবে।	উপ-পরিচালক (ব্যাটালিয়ন)
		খ। ইউনিট কমান্ডারগণ তার নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক এসিআর নির্দিষ্ট সময়ের মধ্যে অনুস্বাক্ষর প্রদান পূর্বক সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।	ইউনিট কমান্ডার (সকল)
		গ। সদর দপ্তর হতে মালামাল বরাদ্দ প্রদানের পর ইউনিট হতে অবশ্যই যথাসময়ে সকলের মাঝে প্রাপ্যতা অনুযায়ী বিতরণ করতে হবে।	-ঐ-
		ঘ। ইউনিটের অস্ত্র সমূহ নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ ও পরিস্কার রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।	-ঐ-
		ঙ। যথাসময়ে বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে ইউনিট কমান্ডারগণ চাহিদা প্রাপ্তির বিষয়ে সদর দপ্তরের সংশ্লিষ্ট শাখার সাথে সমন্বয় করবেন।	-ঐ-
		চ। শ্রমিক মুজুরী ক্ষেত্রে অর্থ বরাদ্দ প্রদানের লক্ষ্যে সকল ইউনিট হতে চলতি অর্থ বছরের পরিকল্পনা সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।	-ঐ-
		ছ। অঙ্গীভূত আনসারগণ চাকুরী শেষে অথবা কোন কারনে অব্যাহতি প্রদান করলে সরকারী মালামাল ক্যাম্প কমান্ডারের নিকট জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।	জেলা কমান্ড্যান্ট (সকল)
		জ। অঙ্গীভূত আনসারগণ চাকুরী শেষে অথবা কোন কারনে অব্যহতি প্রদান করলে ক্যাম্প ত্যাগের পূর্বে জেলা কমান্ড্যান্ট এর নিকট হতে ছাড়পত্র গ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে।	জেলা কমান্ড্যান্ট (সকল)
		ঞ। আনসার ভিডিপি একাডেমিতে একটি নতুন ষ্টোর হাউজ/ওয়্যার হাউজ নির্মাণের লক্ষ্যে স্থান নির্বাচন পূর্বক নির্মাণ কাজ শুরু করতে হবে।	কমান্ড্যান্ট (একাডেমি) ও নির্বাহী প্রকৌশলী
		ট। রিক্রুট ব্যাটালিয়ন আনসার ও সাধারণ আনসারদের মৌলিক প্রশিক্ষণের আর্থিক বরাদ্দ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ)
		ঠ। নতুন গার্ড অনুমোদনের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সকল বিধিবিধান প্রতিপালন পূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করে সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।	জেলা কমান্ড্যান্ট (সকল)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	বিবিধ	ড। উপজেলা আনসার কোম্পানী সমূহ আগামী ৩১/১২/২০২০খ্রিঃ তারিখের মধ্যে পুনঃগঠন করতে হবে। ঢ। জেলা ম্যাজিস্ট্রেট এর অধীনে মোবাইল কোর্ট/মাদকবিরোধী অভিযান পরিচালনার মাসিক প্রতিবেদন সঠিক সময় প্রেরণ নিশ্চিত করতে হবে।	-ঐ-
		ণ। ইউনিয়ন দলনেতা/দলনেত্রীদের মাসিক সংখ্যাত্তক প্রতিবেদন সঠিক সময় প্রেরণ নিশ্চিত করতে হবে।	-ঐ-
		ত। সদর দপ্তর হতে প্রেরিত ছক মোতাবেক ক্লাব সমিতির তথ্যাদি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	জেলা কমান্ড্যান্ট (সকল)
		থ। ইউনিয়ন দলনেতা-দলনেত্রীদের সতেজকরণ প্রশিক্ষণ কার্যক্রম বাজেট প্রাপ্তি সাপেক্ষে গ্রহণ করা হবে।	প্রশিক্ষণ পরিদপ্তর
		দ। ব্যাটালিয়ন আনসার পদোন্নতি কোর্স সংশ্লিষ্ট সকল রেঞ্জে আয়োজনের কার্যক্রম গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট রেঞ্জ কমান্ডার (সকল)
		ধ। সাধারণ আনসার পদোন্নতি কোর্স বরিশাল রেঞ্জে সম্পন্ন করণের কার্যক্রম গ্রহণ করতে হবে।	রেঞ্জ কমান্ডার (বরিশাল)
		ন। ব্যাটালিয়ন আনসার ও অঙ্গীভূত আনসারদের নিয়মিত ফায়ারিং অনুশীলন করানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। এ সংক্রান্তে যুক্তিসংগতভাবে আর্থিক চাহিদা প্রেরণ করতে হবে।	ব্যাটালিয়ন অধিনায়ক ও জেলা কমান্ড্যান্ট (সকল)
		প। বাংলাদেশ আনসার ও ভিডিপি ইউনিট কমান্ডারগণসহ সকল পর্যায়ের কর্মকর্তাগণের অধীনস্থ কার্যালয়/ক্যাম্পসমূহ নিয়মিত পরিদর্শনের উদ্দেশ্যে “ভ্রমণ নীতিমালা” পর্যালোচনা পূর্বক প্রয়োজনে পুনরায় জারী করতে হবে।	অপারেশনস্ পরিদপ্তর
২২।	বিভিন্ন পূর্ত সংক্রান্ত।	ক। মাঠ পর্যায় হতে পূর্ত বিষয়ক চাহিদা প্রেরণ করা হয়েছে। এ ব্যাপারে সামগ্রিক পরিকল্পনা হাতে নেয়া হয়েছে, যৌক্তিকতা ও প্রাপ্ত বাজেট বিবেচনায় রেখে প্রয়োজনীয় সমন্বয় পূর্বক প্রতিটি বিষয় পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে।	নির্বাহী প্রকৌশলী
		খ। একটি সুনির্দিষ্ট “মাষ্টার প্ল্যান” তৈরির নিমিত্তে প্রতিটি জেলা কার্যালয়/ব্যাটালিয়ন সদর দপ্তর/রেঞ্জ কার্যালয়/আনসার ভিডিপি একাডেমি/আনসার ভিডিপি সদর দপ্তর ডিজিটাল সার্ভে করা হবে। মাষ্টার প্ল্যান চূড়ান্ত করে বাজেট প্রাপ্তি সাপেক্ষে ক্রমান্বয়ে বাস্তবায়ন করা হবে।	-ঐ-
		গ। অত্র সভার সকলের মতামত ও বিস্তারিত আলোচনা পূর্বক উপজেলা কার্যালয়ের জন্য প্রস্তাবিত ৩/৪ টি নকশা হতে ১টিকে সকল উপজেলা কার্যালয়ের জন্য “আদর্শ নকশা” হিসেবে চূড়ান্ত করা হয়। পাঁচ তলা ফাউন্ডেশনের ভবনটির প্রথম পর্যায়ে দ্বিতীয় তলা পর্যন্ত সম্পন্ন করা হবে।	-ঐ-
		ঘ। এছাড়াও রেঞ্জ কার্যালয় ও জেলা কার্যালয়ের জন্য পৃথক “আদর্শ নকশা” প্রণয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	-ঐ-
		ঙ। আনসার সদস্যদের সন্তানদের পড়াশোনার সুবিধার্থে আনসার ভিডিপি একাডেমিতে অবস্থিত ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ এর ছাত্র-ছাত্রী ধারণক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়নের পরিকল্পনা চূড়ান্ত পর্যায়ে রয়েছে। শীঘ্রই কাজ শুরু করা হবে।	-ঐ-
		চ। একাডেমির কুটির শিল্প এলাকায় সকল ধরনের ক্রীড়া’র বিষয়টি বিবেচনায় রেখে ইনডোর সুবিধা সম্বলিত একটি আধুনিক “বঙ্গবন্ধু স্পোর্টস কমপ্লেক্স” নির্মাণ করা হবে।	-ঐ-

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	বিভিন্ন পূর্ত সংক্রান্ত।	ছ। আনসার ভিডিপি একাডেমির মাষ্টার প্ল্যান এর আওতাভুক্ত করে একটি দৃষ্টিনন্দন মিউজিয়াম কমপ্লেক্স নির্মাণ করা হবে।	নির্বাহী প্রকৌশলী
		জ। আনসার ভিডিপি একাডেমিতে একটি ১ম শ্রেণীর অফিসার্স মেস ভবন নির্মাণের পরিকল্পনা করা হয়েছে।	-ঐ-
		ঝ। আনসার ভিডিপি একাডেমির মসজিদটির সংস্কার পরিকল্পনা চূড়ান্ত পর্যায়ে রয়েছে। শীঘ্রই কাজ শুরু করা হবে।	-ঐ-
২৩।	মহাপরিচালক মহোদয়ের সদয় নির্দেশনা।	ক। আনসার যাদুঘরে সংরক্ষণের জন্য প্রতিটি ব্যাটালিয়নের ইতিহাস সংগ্রহের লক্ষ্যে সিনিয়র/অবসরপ্রাপ্ত আনসার সদস্যদের অভিজ্ঞতা সংগ্রহের কার্যক্রম গ্রহণ করতে হবে।	রেঞ্জ কমান্ডার (সকল)
		খ। মোবাইল কোর্ট পরিচালনায় জেলা ম্যাজিস্ট্রেট এর অধীনে দায়িত্ব পালনের জন্য ব্যাটালিয়ন হতে বাছাই করে দক্ষ ও স্মার্ট সদস্যদের প্রেরণ করতে হবে। সম্ভব হলে ০১ জন কর্মকর্তা প্রেরণ করতে হবে।	ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)
		গ। উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের নিরাপত্তায় বুদ্ধিমান ও চৌকস সদস্যদের প্রেরণ করতে হবে।	জেলা কমান্ড্যান্ট (সকল)
		ঘ। উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের সাথে সমন্বয় করে উপজেলা আনসার ভিডিপি কার্যালয়ের জন্য আলাদা জমি ও প্রশিক্ষণের প্রয়োজনীয়তা উপস্থাপন করে জমি প্রাপ্তির লক্ষ্যে উদ্যেগ গ্রহণ করতে হবে।	-ঐ-
		ঙ। আনসার সদস্যদের শারীরিক ফিটনেস ঠিক রাখার জন্য সকল ব্যাটালিয়নে নিয়মিত পিটি, ড্রিল, ফায়ারিং ও গেমস এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)
		চ। বাহিনীর টিওএন্ডই পুনগঠন করার লক্ষ্য কমিটি গঠন করতে হবে।	উপ-মহাপরিচালক (প্রশাসন)
		ছ। কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে পদোন্নতি প্রদানের লক্ষ্যে পূর্ব থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করতে হবে।	-ঐ-
		জ। বাহিনীর সকল নির্মিতব্য স্থাপনা সমূহের নির্মাণকাজ রেঞ্জ কমান্ডার/ব্যাটালিয়ন কমান্ডার/জেলা কমান্ড্যান্ট কর্তৃক নিয়মিত তদারকি করতে হবে। নির্মাতা প্রতিষ্ঠান হতে হস্তান্তর গ্রহণের সময় নির্মাণকারীকে ত্রুটি ও বিচ্যুতির বিষয় সমূহ উপস্থাপন পূর্বক তার সমাধান নিশ্চিত করতে হবে।	ইউনিট কমান্ডার (সকল)
		ঝ। আগামী ফ্রেব্রুয়ারি ২০২১খ্রিঃ এর মধ্যে আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের ক্রয়কৃত শেয়ারের বিপরীতে সকল সদস্যদের মাঝে লভ্যাংশ প্রদান করতে হবে।	উপ-পরিচালক (ওয়েলফেয়ার)
		ঞ। **"আমার বাড়ী আমার খামার"** প্রকল্পে ৫% হারে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা লোন স্থায়ী ঠিকানার বিপরীতে প্রদান করা হবে।	উপ-পরিচালক (ওয়েলফেয়ার)
		ট। ইউনিট কমান্ডারগণকে ইউনিটের পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়টি নিশ্চিত করতে হবে।	ইউনিট কমান্ডার (সকল)
		ঠ। আগামী অর্থ বছরের কর্মপরিকল্পনা এখন থেকেই প্রস্তুত করতে হবে।	ইউনিট কমান্ডার (সকল)
		ড। ৪১তম জাতীয় সমাবেশ-২০২১ করোনার কারণে সীমিত পরিসরে আয়োজনের কার্যক্রম গ্রহণ করতে হবে।	প্রশাসন শাখা
		ঢ। আগামী ১৪/১৫ মার্চ ২০২১ খ্রিঃ রেঞ্জ কমান্ডারগণের ৫০তম সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে।	-ঐ-

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	মহাপরিচালক মহোদয়ের সদয় নির্দেশনা।	ণ। ইউনিট সমূহ পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্টদের সম্পূর্ণ স্বচ্ছতা বজায় রাখতে হবে। রেঞ্জ কমান্ডার, জেলা কমান্ড্যান্ট ও ব্যাটালিয়ন অধিনায়কগণ দায়িত্ব নিয়ে ভাল কাজ করণের উদ্যেগ গ্রহণ করবেন।	রেঞ্জ কমান্ডার, জেলা কমান্ড্যান্ট ও ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)
		ত। প্রশিক্ষণ দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিস্তারিতভাবে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ সংক্রান্ত অবকাঠামো উন্নয়ন অন্তর্ভূক্তি পূর্বক ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে।	নির্বাহী প্রকৌশলী
		থ। জেলা ও ব্যাটালিয়নের অস্ত্রাগার ও সংরক্ষিত অস্ত্রগুলোর নিয়মিত পরিস্কারকরণ পূর্বক যথাযথ রক্ষণাবেক্ষণ করতে হবে।	ব্যাটালিয়ন অধিনায়ক ও জেলা কমান্ড্যান্ট (সকল)
		দ। পার্বত্য চট্টগ্রাম ও সমতলে ব্যাটালিয়ন সমূহের গমণাগমণ নিরবিচ্ছিন্ন ও মসৃণভাবে সম্পন্ন করতে হবে। গমণাগমনের পূর্বে ড্রাইভারসহ সংশ্লিষ্ট সকলকে যথাযথ ব্রীফিং প্রদান করতে হবে।	ব্যাটালিয়ন অধিনায়ক (সংশ্লিষ্ট)
		ধ। পার্বত্য চট্টগ্রামে গমণকারী ব্যাটালিয়ন আনসার সদস্যদের প্রয়োজনীয় "ইনডাকশন ট্রেনিং" এর ব্যবস্থা করতে হবে, যেন তারা মোতায়েনের পূর্বে পার্বত্য চট্টগ্রাম সম্পর্কে পর্যাপ্ত ধারণা নিতে পারে।	প্রশিক্ষণ পরিদপ্তর ও ব্যাটালিয়ন অধিনায়ক (সংশ্লিষ্ট)
		ন। ব্যাটালিয়ন আনসার সদস্যদের জন্য প্রস্তাবকৃত নতুন ইউনিফর্ম এর বিষয়ে প্রতিটি ব্যাটালিয়নের সদস্যদের অবগত করতে হবে।	অপারেশনস্ পরিদপ্তর
		প। "My Organization My Dream" বিষয়োক্ত পয়েন্টসমূহ একত্রে সংকলন করে উপ-মহাপরিচালক (অপারেশনস্) একটি চুড়ান্ত প্রেজেন্টেশন প্রদান করবেন।	উপ-মহাপরিচালক (অপারেশনস্)
		ফ। পরবর্তীতে প্রতিটি রেঞ্জ কমান্ডার'স কনফারেন্স এ উপ-পরিচালক (ওয়েলফেয়ার) আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক সংক্রান্ত হালনাগাদ তথ্য সবাইকে অবগত করবে।	উপ-পরিচালক (ওয়েলফেয়ার)
		ব। অধীনস্থদের স্বাস্থ্য, ইউনিটের প্রতিটি বিষয়ের নিরাপত্তা, মানবিক গুণাবলী প্রদর্শন, নিষ্ঠুরতা পরিহার, অন্যান্য দপ্তরের সাথে সুষ্ঠু সমন্বয়, যথাযথ অফিস ও আর্থিক ব্যবস্থাপনার মাধ্যমে কার্যকর নেতৃত্ব প্রতিষ্ঠার ব্যাপারে সবাইকে সচেতন হতে হবে।	ইউনিট কমান্ডার (সকল)

৩। পরিশেষে রেঞ্জ কমান্ডারগণের সভায় আলোচ্য বিষয় সমূহ অধীনস্থদের মধ্যে উপস্থাপন করার আহবান করে সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সবাইকে ইংরেজি নববর্ষের অগ্রীম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪। কর্তৃপক্ষের নির্দেশক্রমে রেঞ্জ কমান্ডারগণের ৪৯তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তঃ সভায় উপস্থিত কর্মকর্তাদের নামীয় তালিকা-০১ (এক) পাতা।

৭/০৪/২০২১

মোহাম্মদ নূরুল আমিন
পরিচালক (প্রশাসন)
দুরালাপনী: ৪৭২১৪৯২৫
ই-মেইল: dir_admin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.১০.০০৫.১০-৮০৭ তারিখ: ২৪/১২/১৪২৭ বঙ্গাব্দ। ০৭/০৪/২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

১। মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য

২। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।

৩। কমান্ড্যান্ট, আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — ,,

৪। উপ-মহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — ,,

৫। উপ-মহাপরিচালক রেঞ্জ/রেঞ্জ কমান্ডার (সকল)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী............... রেঞ্জ..............। — ,,

৬। পরিচালক (সকল)...
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও
আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — অবগতি ও কার্যক্রমের জন্য।

৭। ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)
.........আনসার ব্যাটালিয়ন...। — ,,

৮। পরিচালক, মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম। — অবগতি ও কার্যক্রমের জন্য।

৯। অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। — ,,

১০। পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন, ঢাকা। — ,,

১১। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক (চিকিৎসা)/আইন বিষয়ক উপদেষ্টা)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — ,,

১২। অ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা — ওয়েব সাইটে প্রদর্শনের জন্য।

১৩। উপ-পরিচালক (সকল) ....।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও
আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — অবগতি ও কার্যক্রমের জন্য।

১৪। জেলা কমান্ড্যান্ট (সকল)
জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কার্যালয়...................................। — অবগতি ও কার্যক্রমের জন্য।

১৫। জোন অধিনায়ক, মহানগর আনসার ঢাকা ও চট্টগ্রাম (সকল) ....। — ,,

১৬। সহকারী পরিচালক (সংশ্লিষ্ট) ....।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ও
আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — ,,

১৭। অধিনায়ক, ভিটিসি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা ও গাজীপুর। — ,,

১৮। গণসংযোগ কর্মকর্তা/মেডিকেল অফিসার/বাজেট কর্মকর্তা
(আনসার/ভিডিপি)/সম্পাদক কাম প্রশাসক (প্রতিরোধ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — ,,

১৯। কন্ট্রোল ও অফিস কক্ষ।

০৭/০৪/২০২০
পরিচালক (প্রশাসন)

D:\Raju\Range Conference\49 Th\Regulation.docx